

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২২ এর উপজেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : হালিমা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ : ১১ এপ্রিল ২০২২, সময় : সকাল ১১. ঘটিকা।

(সভার উপস্থিতি আলাদা কাগজে নথিতে সংরক্ষিত আছে)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও কমিটির সদস্য সচিবকে অনুরোধ করেন। অতপর কমিটির সদস্য সচিব এতদসংক্রান্ত প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত শিক্ষা মন্ত্রণালয় হতে জারীকৃত পত্রখানা সভায় পাঠ করে শুনান। উক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকলকে অনুরোধ জানান। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

০১. উপজেলাস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্র ছাত্রীদের অংশগ্রহণে মোট তিনটি গ্রুপে (ক গ্রুপ - ৬ষ্ঠ থেকে ৮ম, খ গ্রুপ - ৯ম থেকে ১০ম, গ গ্রুপ - একাদশ থেকে দ্বাদশ) নিম্নোক্ত পাঁচটি বিষয়ে ও পদ্ধতিতে সৃজনশীল মেধা যাচাই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

১. ভাষা ও সাহিত্য (বাংলা, ইংরেজি) :

ক. তাৎক্ষনিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি) - নম্বর - ১০+১০=২০

খ. পর্যায়ক্রমে বাংলায় গল্প বলা- নম্বর- ১৫

গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি) - নম্বর- ১৫

২. ৬ষ্ঠ- ৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান)।

ক. MCQ - নম্বর- ১০

খ. বিজ্ঞান বিষয়ক রচনা - নম্বর- ১০

গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন - নম্বর- ৩০

৩. গণিত ও কম্পিউটার :

ক. গণিত (লিখিত ও মৌখিক মূল্যায়ন) - নম্বর- ২০+১০=৩০

খ. কম্পিউটার (সমস্যা সমাধান) - নম্বর- ২০

৪. বাংলাদেশ স্টাডিজ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান):

ক. লিখিত সৃজনশীল নম্বর-২০,

খ. MCQ - নম্বর- ১০

গ. মৌখিক - নম্বর- ২০

৫. বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র বিশেষ চাহিদা সম্পন্ন/অটিষ্টিকশিক্ষার্থীদের জন্য)

ক. লিখিত সৃজনশীল নম্বর-২০,

খ. MCQ - নম্বর- ১০

গ. মৌখিক - নম্বর- ২০

০২. নিম্নোক্ত সময় সূচী অনুযায়ী প্রতিযোগিতা অনুষ্ঠানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং.	প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও সময়	স্থান	মন্তব্য
০১	(ক) ভাষা ও সাহিত্য, (খ) দৈনন্দিন বিজ্ঞান/ বিজ্ঞান (গ) গণিত ও কম্পিউটার (ঘ) বাংলাদেশ স্টাডিজ (ঙ) বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ	১৯/০৪/২০২২ সকাল-৯.৩০ ঘটিকায়	বুড়িচং আনন্দ পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়	সকল গ্রুপ

সকল প্রতিযোগীদের বর্ণিত নির্ধারিত সময়ে ও স্থানে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

০৩. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য পত্র সংযুক্ত ছকে প্রতিটি শিক্ষার্থীকে আবেদন করতে হবে। প্রতি বিষয়ে ০১(এক) জন করে মোট ০৫ (পাঁচ) জন প্রতিযোগিতার নাম সংযুক্ত আবেদন ফরম পূরণ করতঃ (ইতিমধ্যে সরবরাহ করা হয়েছে) আগামী ১৩/০৪/২০২২ তারিখের মধ্যে বা তৎপূর্বে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বুড়িচং, কুমিল্লা জমা দিতে হবে।

০৪. উপরে বর্ণিত সিডিউল মোতাবেক প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য বুড়িচং আনন্দ পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়কে ভেন্যু হিসাবে ব্যবহারের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এতদব্যাপারে প্রয়োজনীয় সকল প্রকারের সহযোগিতা দেয়ার জন্য প্রধান শিক্ষক বুড়িচং আনন্দ পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়কে অনুরোধ জানানো হয়।

০৫. পাঁচ সদস্য বিশিষ্ট বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে গঠিত বিচারক প্যানেলের মাধ্যমে মূল্যায়ন করতঃ প্রতি বিষয়ে ০১ জন করে বছরের সেরা মেধাবী নির্বাচন করে জেলা পর্যায়ে অংশগ্রহণ করার জন্য প্রেরণ করা হবে। বিচারক পাশ্চাতী উপজেলা হতে আনার সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা পর্যায়ের প্রতিযোগিতা ২৪-২৫ এপ্রিল, ২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে- বিস্তারিত কর্মসূচী পাওয়া মাত্রই জানিয়ে দেয়া হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(হালিমা খাতুন)

উপজেলা নির্বাহী অফিসার

বুড়িচং, কুমিল্লা।

ও

আহবায়ক

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা বাছাই কমিটি

স্মারক নং- ৩৭.০২.১৯১৮.০০০.৯৯.১৮৬.২২-৮৪

তারিখ : ১১/০৪/২০২২খ্রিঃ।

অনুলিপি বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। জেলা প্রশাসক, কুমিল্লা।

০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

০৩। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা

০৪। ও সদস্য সৃজনশীল মেধা অন্বেষণ উপজেলা প্রতিযোগিতা বাছাই কমিটি, বুড়িচং, কুমিল্লা।

০৫। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার.....কলেজ/বিদ্যালয়/ মাদ্রাসা, বুড়িচং, কুমিল্লা।

০৬। অফিস কপি।

Handwritten signature

11.4.22

(মোঃ আবদুল মান্নান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

বুড়িচং, কুমিল্লা।

ও

সদস্য-সচিব

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা বাছাই কমিটি

Handwritten signature